

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ২০, ১৯৮৮

[বাংলাদেশ গেজেট, অসাধারণ, তারিখ ১লা সেপ্টেম্বর ১৯৮০-তে ইংরেজী ভাষায় প্রকাশিত]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ সচিবালয়

সংস্থাপন বিভাগ

বাস্তবায়ন কোষ

প্রজ্ঞাপন

ঢাকা, ১লা সেপ্টেম্বর ১৯৮০

নং এস, আর, ও ৩০১-এল/৮০/ইডি/আইসি/এস-২-২০/৮০-১২৮ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি উক্ত সংবিধানের ১৪০ অনুচ্ছেদের (২) দফার বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শক্রমে নিরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :-

১। সংক্ষিপ্ত শিরোনাম :- এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য) গঠন ও ক্যাডার বিধিমালা ১৯৮০ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা :- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায় -

- (ক) "ক্যাডার পদ" অর্থ তফসিলে অন্তর্ভুক্ত কোন পদ;
- (খ) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্মকমিশন;
- (গ) "শিক্ষানবিস" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি;
- (ঘ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল; এবং
- (ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)।

(১০৬৮৫)

মূল্য ৬০ পয়সা

৩। সার্ভিস গঠন :- (১) বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য) নামে একটি সার্ভিস গঠিত হইবে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে-

(ক) যাহারা সাবেক পূর্ব পাকিস্তান হেলথ সার্ভিস (আপার) এর সদস্য ছিলেন, এবং যে সকল ব্যক্তি রেলওয়ে ও পরিবার পরিকল্পনা বিভাগের স্বাস্থ্য শাখায় ১ম শ্রেণীর স্থায়ী পদে স্থায়ীভাবে ২৫শে মার্চ, ১৯৭১ তারিখে বা উহার পূর্বে নিযুক্ত ছিলেন;

(খ) যাহারা, স্বাধীনতার পর বিলুপ্ত বলিয়া গণ্য না হইলে সার্ভিস ক্যাডারের অন্তর্ভুক্ত হইত এইরূপ পদে তদানীন্তন কেন্দ্রীয় সরকারী কর্মকমিশন অথবা পূর্ব পাকিস্তান সরকারী কর্মকমিশন বা বাংলাদেশ সরকারী (প্রথম) কর্মকমিশন বা বাংলাদেশ সরকারী (দ্বিতীয়) কর্মকমিশন অথবা কমিশন এর কিংবা ক্ষেত্রমত ১৯৭১ সালের ১৬ই ডিসেম্বর হইতে ১৯৭২ সালের ৭ই এপ্রিল তারিখের মধ্যে অথবা যে মেয়াদের জন্য উক্ত পদ সমূহ উপরি- উক্ত যে কোন কমিশনের আওতা-বর্হিভূত করা হইয়াছিল সেই মেয়াদের মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষের সুপারিশক্রমে ১৯৭১ সালের ২৬শে মার্চ তারিখে বা তৎপরবর্তীকালে নিয়মিত ভিত্তিতে নিযুক্ত হইয়াছিলেন এবং যাহাদের চাকুরীর শর্তাবলী যে কোন সাবেক ক্যাডার সার্ভিসের বিধিমালা দ্বারা নিয়ন্ত্রিত হয়; এবং

(গ) যাহারা এই বিধিমালা অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

(ঘ) ১৭.০৫.১৯৮৬ (ইং) তারিখে বা তদপূর্বে সহকারী সার্জন (ইন-সার্ভিস ট্রেইনী) হিসাবে এডহক ভিত্তিতে নিয়োগপ্রাপ্ত চিকিৎসক কর্মকর্তাগণ যাহারা পাবলিক সার্ভিস কমিশন (পিএসসি) কর্তৃক নিয়মিতকরণের সুপারিশের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক চাকুরী নিয়মিত হইয়াছেন ও পরবর্তীতে স্থায়ী হইয়াছেন, সে সকল চিকিৎসক কর্মকর্তাগণ তাহাদের চাকুরীতে যোগদানের তারিখ হইতে এই বিধিমালার আওতাভুক্ত হইবেন।

৪। ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ :- (১) তফসিলে উল্লেখিত পদসমূহ সার্ভিস ক্যাডারের অন্তর্ভুক্ত হইবে।

(২) তফসিলের উল্লেখিত সংখ্যক পদ হইবে সার্ভিস ক্যাডারের প্রারম্ভিক পদের সংখ্যা এবং সরকার উক্ত ক্যাডার পদের সংখ্যা অর্থ মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্রণালয়ের সম্মতিক্রমে পরিবর্তন করিতে পারিবে।

৫। নিয়োগকারী কর্তৃপক্ষ :- রাষ্ট্রপতি অথবা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন অফিসার কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা হইবে।

৬। নিয়োগ পদ্ধতি :- (১) এই সার্ভিসে প্রারম্ভিকভাবে ৩ (২) (ক), (খ) এবং (ঘ) বিধির আওতাধীন ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে এবং উহার পর-

(ক) কমিশনের সুপারিশক্রমে সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) কমিশনের সুপারিশক্রমে নিয়োগ বিধিতে কোন বিধান থাকিলে তদানুযায়ী ফিডার পদ হইতে পদোন্নতির মাধ্যমে সার্ভিসে নিযুক্ত ব্যক্তিগণ ইহার অন্তর্ভুক্ত হইবে; এবং

(গ) সার্ভিসে একবার পার্থ প্রবেশ চলিবে।

(২) সার্ভিসের কেন সদস্য নূতন জাতীয় বেতন স্কেলের টাকা ১৪০০ হইতে টাকা ২২২৫ এবং টাকা ২১০০ হইতে ২৬০০ টাকার বেতন স্কেলযুক্ত কোন পদে পদোন্নতি পাইবেন না, যদি তিনি নিয়োগ বিধিতে নির্ধারিত পদ্ধতিতে পরীক্ষায় বা টেষ্টে উত্তীর্ণ না হইয়া থাকেন।

১। ১৯৮২ সনের ২রা জানুয়ারী তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ৮-এল/৮২ ইডি (আইসি) এবং-২-২০/৮০-১২ দ্বারা প্রতিস্থাপিত।

(৩) সার্ভিসের কোন সদস্যকে নূতন জাতীয় বেতন স্কেলের ১৪০০ হইতে ২২২৫ টাকার স্কেলে বেতন দেওয়া যাইবে না যদি তাহার প্রারম্ভিক পর্যায়ের চাকুরীকাল সাত বৎসর পূর্ণ না হইয়া থাকে এবং সার্ভিসের ক্যাডারে মঞ্জুরীকৃত পদ বিদ্যমান না থাকে।

(৪) সার্ভিসের যে সকল সদস্য ২৩৫০-২৭৫০ টাকার নূতন জাতীয় বেতন স্কেলে পদোন্নতি পাইয়াছেন তাহাদিগকে সফলতার সহিত প্রশাসনিক স্টাফ কলেজে নিয়মিত কোর্স সম্পন্ন করিতে হইবে।

৭। যোগ্যতা : সার্ভিসে নিয়োগের জন্য নূন্যতম যোগ্যতা ও অন্যান্য শর্ত নিয়োগ বিধিতে নির্ধারিত যোগ্যতা ও শর্তের অনুরূপ হইবে।

৮। শিক্ষানবিস ও স্থায়ীকরণ :- (১) সার্ভিসে বাস্তব শূন্য পদে প্রারম্ভিকভাবে নিযুক্ত ব্যক্তির শিক্ষানবিসের মেয়াদ হইবে-

(ক) দুই বৎসর, যদি তিনি কমিশনের সুপারিশক্রমে সার্ভিসে সরাসরি নিযুক্ত হইয়া থাকেন; এবং

(খ) এক বৎসর, যদি তিনি পদোন্নতির মাধ্যমে নিযুক্ত হইয়া থাকেন। সরকার শিক্ষানবিসি মেয়াদ অনাধিক আরও দুই বৎসর পর্যন্ত বর্ধিত করিতে পারিবেন।

ব্যাখ্যা : শিক্ষানবিসির মেয়াদ সমাপ্তির পরবর্তী দিবসের মধ্যে যদি কোন আদেশ প্রদান করা না হয় তাহা হইলে শিক্ষানবিসির মেয়াদ বর্ধিত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

(২) শিক্ষানবিস হিসাবে চাকুরীতে নিযুক্ত ব্যক্তিকে শিক্ষানবিসির মেয়াদের মধ্যে সরকার কর্তৃক নির্ধারিত শর্তানুসারে নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

(৩) শিক্ষানবিসির মেয়াদে কোন শিক্ষানবিস সার্ভিসে থাকার অনুপযুক্ত বলিয়া প্রতীয়মান হইলে কমিশনের সহিত পরামর্শ ব্যতীতই তাহার নিয়োগের অবসান ঘটানো হইবে।

(৪) কোন ব্যক্তি সার্ভিসে স্থায়ী করা হইবে না, যদি তিনি তাহার শিক্ষানবিসির নির্ধারিত মেয়াদ শেষ হওয়া পর্যন্ত চাকুরী না করিয়া থাকেন, সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ সফলতার সঙ্গে সমাপ্ত ও বিভাগীয় পরীক্ষায় পাশ না করিয়া থাকেন এবং তাহার আচরণ ও কাজকর্ম সন্তোষজনক বলিয়া প্রতীয়মান না হইয়া থাকে।

৯। জ্যেষ্ঠতা- চাকুরীতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরকৃত মেধাক্রম অনুসারে নির্ধারিত হইবে।

১০। সাধারণ বিধি- যে সকল বিষয়ে এই বিধিমালার স্পষ্টরূপে কোন বিধান করা হয় নাই সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সেই বিধিমালা দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত হইতে পারে এবং তাহাদের প্রতি প্রযোজ্য হইয়াছে বা হইতে পারে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফয়েজ উদ্দিন আহমেদ
সচিব

তফসিল
(বিধি-৪ দ্রষ্টব্য)

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
-----------	----------	-------------

গ্রুপ-ক

১। ১। প্রশাসনিক পদ

- (ক) মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর
(খ) অতিরিক্ত মহা পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

৫

২। শিক্ষকতা পদ

- (গ) পরিচালক, নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট (পি,জি)
(ঘ) পরিচালক, জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট (বক্ষব্যাধি হাসপাতাল)
(ঙ) পরিচালক, নিপসম।

২। ১। প্রশাসনিক পদ

(ক) পরিচালক-

- (১) অর্থ ও প্রশাসন (স্বাস্থ্য অধিদপ্তর)
(২) মেডিকেল শিক্ষা, জনশক্তি উন্নয়ন ও হাসপাতাল সমূহ
(৩) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, সমন্বিত থানা স্বাস্থ্য কমপ্লেক্সের ও ব্যাধি নিয়ন্ত্রণ
(৪) ভান্ডার ও সরবরাহ
(৫) জনস্বাস্থ্য পুষ্টি ইনস্টিটিউট
(৬) জনস্বাস্থ্য ইনস্টিটিউট
(৭) মেডিকেল কলেজ হাসপাতাল সমূহ
(খ) তত্ত্বাবধায়ক, নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট
(গ) প্রকল্প পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল।

১৬

২। শিক্ষকতা পদ

(ঘ) অধ্যাপক-

- (১) মেডিকেল কলেজ
(২) নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট
(৩) রোগ প্রতিষেধক ও সামাজিক চিকিৎসার জাতীয় ইনস্টিটিউট
(৪) হৃদরোগ ইনস্টিটিউট
(৫) পণ্ড পূর্ণবাসন ইনস্টিটিউট ও হাসপাতাল
(৬) চক্ষু চিকিৎসা জাতীয় ইনস্টিটিউট
(৭) বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল

২১৯

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
-----------	----------	-------------

- (ঙ) অধ্যক্ষ, মেডিকেল কলেজ সমূহ
 (চ) উপাধ্যক্ষ, মেডিকেল কলেজ সমূহ
 (ছ) পরিচালক-
 (১) মানসিক হাসপাতাল
 (২) চক্ষু চিকিৎসা জাতীয় ইনস্টিটিউট
 (৩) হৃদরোগ ইনস্টিটিউট
 (জ) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নিপসম
 (ঝ) অতিরিক্ত পরিচালক, নিপসম
 (ঞ) যুগ্ম পরিচালক, পিজি ইনস্টিটিউট

৩।

১। প্রশাসনিক পদ

- (ক) উপ-পরিচালক-
 (১) স্বাস্থ্য অধিদপ্তর
 (২) স্বাস্থ্য বিভাগ
 (৩) পশু পূর্ণবাসন ইনস্টিটিউট ও হাসপাতাল
 (৪) মেডিকেল কলেজ হাসপাতাল
 (৫) জনস্বাস্থ্য পুষ্টি ইনস্টিটিউট
 (৬) জনস্বাস্থ্য ইনস্টিটিউট
 (খ) প্রধান অনুজীব বিজ্ঞান গবেষণাগার, জনস্বাস্থ্য ইনস্টিটিউট
 (গ) প্রধান গবেষণাগার সমূহ, জনস্বাস্থ্য ইনস্টিটিউট
 (ঘ) উপ-তত্ত্বাবধায়ক, চক্ষু চিকিৎসা জাতীয় ইনস্টিটিউট
 (ঙ) অধ্যক্ষ-
 (১) চিকিৎসা সহকারী প্রশিক্ষণ বিদ্যালয় সমূহ
 (২) প্যারামেডিকেল ইনস্টিটিউট

২৮১

২। শিক্ষকতা পদ

- (চ) সহযোগী অধ্যাপক
 (১) মেডিকেল কলেজ সমূহ
 (২) তাতকোত্তর চিকিৎসা ও গবেষণা
 (৩) নিপসম
 (৪) হৃদরোগ ইনস্টিটিউট
 (৫) পশু পূর্ণবাসন হাসপাতাল
 (৬) চক্ষু চিকিৎসা ইনস্টিটিউট
 (৭) বক্ষব্যাদি ইনস্টিটিউট ও হাসপাতাল
 (ছ) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মেডিকেল), নিপসম

৪।

প্রশাসনিক পদ

১

প্রধান, স্বাস্থ্য তথ্য ইউনিট

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
-----------	----------	-------------

১।

১। প্রশাসনিক পদ

- (ক) সহকারী পরিচালকগন
- (খ) সিভিল সার্জনগন
- (গ) সিনিয়র প্রভাষক, চিকিৎসা সহকারী প্রশিক্ষণ
বিদ্যালয় সমূহ
- (ঘ) তত্ত্বাবধায়ক-
 - (১) পাস্তুর তথা ভ্যাকসিন ইনষ্টিটিউট,
জনস্বাস্থ্য ইনষ্টিটিউট
 - (২) ভ্যাকসিন গবেষণাগার, জনস্বাস্থ্য ইনষ্টিটিউট
 - (৩) ডিপথেরিয়া ধনুষ্টংকার ও টক্সাইড উৎপাদন
গবেষণাগার, জনস্বাস্থ্য ইনষ্টিটিউট
 - (৪) যক্ষ্মা নিয়ন্ত্রণ ও প্রশিক্ষণ ইনষ্টিটিউট
 - (৬) জীবানুতত্ত্ববিদ, জনস্বাস্থ্য ইনষ্টিটিউট
 - (৮) ভাইরাস তত্ত্ববিদ, জনস্বাস্থ্য ইনষ্টিটিউট
 - (৯) মহামারী তত্ত্ববিদ, জনস্বাস্থ্য ইনষ্টিটিউট
 - (জ) ভারপ্রাপ্ত অফিসার, জাতীয় যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রকল্প, ঢাকা।
 - (ঝ) চিকিৎসা তত্ত্বাবধায়ক-
 - (১) যক্ষ্মা হাসপাতাল
 - (২) বক্ষব্যাদি ইনষ্টিটিউট ও হাসপাতাল
 - (৩) মানসিক হাসপাতাল, পাবনা।
 - (ঞ) বিমান বন্দর স্বাস্থ্য অফিসার, ঢাকা।
 - (ট) বন্দর স্বাস্থ্য অফিসার, খুলনা ও চট্টগ্রাম
 - (ঠ) নিদানিক পুষ্টি বিশেষজ্ঞ, জনস্বাস্থ্য পুষ্টি ইনষ্টিটিউট
 - (ড) ফলিত পুষ্টি বিশেষজ্ঞ, জনস্বাস্থ্য পুষ্টি ইনষ্টিটিউট
 - (ঢ) সিনিয়র চিকিৎসক, যক্ষ্মা নিয়ন্ত্রণ প্রশিক্ষণ ইনষ্টিটিউট, ঢাকা
- ৫১০
- (ণ) উপ-প্রধান (মেডিকেল), স্বাস্থ্য তথ্য ইউনিট

২। শিক্ষকতা পদ

- (ত) সহযোগী অধ্যাপক, প্যারামেডিকেল ইনষ্টিটিউট
- (থ) সিনিয়র পরামর্শক
- (দ) আবাসিক চিকিৎসক, আইপিজিএমআর
- (ধ) আবাসিক সার্জন, আইপিজিএমআর
- (ন) সহযোগী চিকিৎসক, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল
- (প) সহযোগী সার্জন, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল
- (ফ) নিদানিক পুষ্টি বিশেষজ্ঞ, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল
- (ব) সিনিয়র বৈজ্ঞানিক কর্মকর্তা (মেডিকেল), নিপসম

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
-----------	----------	-------------

(ভ) সহকারী অধ্যাপক-

- (১) মেডিকেল কলেজ
- (২) আইপিজিএমআর
- (৩) নিপসম
- (৪) হৃদরোগ ইনস্টিটিউট
- (৫) চক্ষু চিকিৎসা জাতীয় ইনস্টিটিউট
- (৬) বক্ষব্যাদি ইনস্টিটিউট ও হাসপাতাল
- (৭) পশু হাসপাতাল

৬।

১। প্রশাসনিক পদ

- (ক) আবাসিক চিকিৎসক, হাসপাতাল সমূহ (আইপিজিএমআর ব্যতীত)
- (খ) আবাসিক সার্জন, হাসপাতাল সমূহ (আইপিজিএমআর ব্যতীত)
- (গ) ডেপুটি সিভিল সার্জন
- (ঘ) সিনিয়র নিদানিক প্যাথলজিস্ট
- (ঙ) চিকিৎসা বিশেষজ্ঞ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
- (চ) শৈল্য চিকিৎসা বিশেষজ্ঞ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
- (ছ) গাইনী বিশেষজ্ঞ, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স
- (জ) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা
- (ঝ) আবাসিক মেডিকেল অফিসার, হাসপাতাল সমূহ (উপজেলা ব্যতীত)
- (ঞ) জুনিয়র প্রভাষক, চিকিৎসা সহকারী প্রশিক্ষণ বিদ্যালয়সমূহ

১৯৯০

২। শিক্ষকতা পদ

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা
গ্রুপ-খ		
১। (ক) অধ্যক্ষ, ঢাকা দন্ত চিকিৎসা কলেজ		
(খ) অধ্যাপক-		
(১) দন্ত চিকিৎসা কলেজ		৮
(২) দন্তবিদ্যা স্নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট		
২। (ক) সহযোগী অধ্যাপকগণ-		
(৩) দন্ত চিকিৎসা কলেজ		
(৪) দন্ত বিদ্যা স্নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট		
৭		
(খ) দন্ত সার্জন, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল		
৩। সহকারী অধ্যাপকগণ-		
(৪) দন্ত চিকিৎসা কলেজ, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল		
(৫) দন্তবিদ্যা স্নাতকোত্তর চিকিৎসা ও গবেষণা ইনস্টিটিউট		১৮
(৬) দন্তবিদ্যা মেডিকেল কলেজ সমূহ		
৪। (ক) সহকারী নিবন্ধক, দন্ত চিকিৎসা কলেজ		
(খ) প্রভাষক, দন্ত চিকিৎসা কলেজ		
(গ) দন্ত সার্জন, দন্ত চিকিৎসা কলেজ		
(ঘ) সহকারী দন্ত সার্জন, শহীদ সোহরাওয়ার্দী হাসপাতাল		
(ঙ) দন্ত সার্জন-		৫০৩
(১) মেডিকেল কলেজ হাসপাতাল সমূহ		
(২) আইপিজিএমআর		
(৩) জেনারেল হাসপাতাল সমূহ		
(৪) সদর হাসপাতাল সমূহ		
(৫) উপজেলা স্বাস্থ্য প্রকল্প		

মোট = ৫৩৬

সমষ্টি (গ্রুপ ক + গ্রুপ খ) = ৭৮৩৩

ছুটি প্রশিক্ষণ ও প্রেশন নিমিত্ত সংরক্ষিত

প্রবেশিকা পদের মোট সংখ্যা ৪৭৯৪ এর

১০% ভাগ

= ৪৭৯

সর্বসাকুল্য = ৮৩১২

১৯৮৭ সালের ২৮শে ডিসেম্বর তারিখের প্রজ্ঞাপন নং এসআরও ৩১২ আইন/৮৭/সম/বাকো-২০/৮৭ দ্বারা প্রতিস্থাপিত।

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহফুজুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা
কর্তৃক প্রকাশিত।